# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২৯৮৭

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২৩. রদ্দ বা প্রতার্পণ সম্পর্কে আলী, আব্দুল্লাহ ও যাইদ রাদ্বিয়াল্লাহু আনহুম এর মতামত

باب قَوْلِ عَلِيٍّ وَعَبْدِ اللَّهِ وَزَيْدٍ فِي الرَّدِّ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مُحَمَّدِ بْنِ سَالِمٍ عَنْ الشَّعْبِيِّ أَنَّ ابْنَ مَسْعُودٍ كَانَ لَا يَرُدُّ عَلَى أَخٍ لِأُمٍّ مَعَ أُمٍّ وَلَا عَلَى جَدَّةٍ إِذَا كَانَ مَعَهَا غَيْرُهَا مَنْ لَهُ فَرِيضَةٌ وَلَا عَلَى ابْنَةِ ابْنٍ مَعَ ابْنَةِ الصُّلْبِ وَلَا عَلَى امْرَأَةٍ وَزَوْجٍ وَكَانَ عَلِيٌّ يَرُدُّ عَلَى كُلِّ ذِي سَهْمٍ إِلَّا الْمَرْأَةَ وَالزَّوْجَ

### বাংলা

২৯৮৭. শা’বী (রহঃ) হতে বর্ণিত, ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু মায়ের সঙ্গে বৈপিত্রেয় ভাইকে (অবশিষ্ট সম্পদ) ’রদ’ তথা প্রত্যার্পণ করতেন না; আবার দাদীকেও না, যখন তার সাথে ফারাইযের অধিকারী (যার অংশ কুর’আন-হাদীসে নির্ধারিত আছে এমন) অন্য কোনো ব্যক্তি থাকতো; আবার আপন মেয়ের সাথে পৌত্রী (ছেলের মেয়ে) কেও পুন:বার দিতেন না। তবে, আলী রাদ্বিয়াল্লাহু আনহু স্ত্রী ও স্বামী ব্যতীত অন্য সকল নির্ধারিত অংশধারীদেরকে পুন:বার দিতেন।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, মুহাম্মদ বিন সালিমের দুর্বলতার কারণে।

তাখরীজ: সাঈদ ইবনু মানসূর নং ১১২ (সনদ ইবরাহীম পর্যন্ত সহীহ), ১১৫, ১১৬; বাইহাকী, ফারাইয ৬/২৪৪; আব্দুর রাযযাক, আল মুসান্নাফ নং ১৯১২৮; ইবনু আবী শাইবা নং ১১২২০, ১১২২১, ১১২২৪।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ শা‘বী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন